

ঢাবিতে হরতাল-ধর্মঘটের সমর্থনে ছাত্রদলের মিছিল

শিক্ষার্থীরা বাসে ককটেল হামলা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার
বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ঢাকা
৭২ ঘণ্টা হরতাল ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের
ডিসির পদত্যাগ দাবিতে ছাত্রদলের
অনিদিষ্টকালের ধর্মঘটের সমর্থনে মিছিল
করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। রোববার
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের ৫টি স্থানে
পৃথকভাবে মিছিল করে তারা। সকাল ৯টার
দিকে শিক্ষার্থীরা একটি বাসে ককটেল
হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। এছাড়া কার্জন
হলে ২টি এবং ডিসির কার্যালয়ের সামনে
একটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে।
এতে এক শিক্ষার্থী আহত হয়েছেন। ককটেল
নিষ্ফেপের ঘটনায় একজনকে আটক করে
পুলিশ। প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার ঢাকা
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বহনকারী
বৈশাখী নামের একটি বাস মিরপুর থেকে
ক্যাম্পাসের দিকে আসছিল। সকাল ৯টায়
বাসটি মিরপুর ১০ নম্বরে গ্রামীণ ব্যাংকের
সামনে আসলে ককটেল নিষ্ফেপ করা হয়।
এতে বাসের হেলপার আহত হয়েছেন। পরে
সন্দেহজনকভাবে পুলিশ একজনকে আটক
করে। ধর্মঘট চলাকালে কার্জন হল এলাকায়
২টি এবং প্রশাসনিক ভবনে ১টি ককটেল
বিস্ফোরণের ঘটনা ঘটে। রোববার দুপুরে
কার্জন হলে এবং বিকালে ডিসির কার্যালয়ের
সামনে এ বিস্ফোরণের ঘটনা ঘটে।
প্রত্যক্ষদর্শীরা জানান, বিশ্ববিদ্যালয়ের কার্জন
হল ও সুফিয়া কামাল হলের সামনে দুটি
ককটেলের বিস্ফোরণ ঘটায় দুর্বৃত্তরা।

হরতাল ও ধর্মঘটে বিশ্ববিদ্যালয়ের
বেশিরভাগ বিভাগেই পূর্বনির্ধারিত ক্লাস-
পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। স্বাভাবিক ভাবে
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বাস চলাচল
তবে অন্য সময়ে কার্জন হলপুলে
এলাকায় বাস রাখা হলেও রোববার
বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে বাস রাখা হয়।